# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

## "ইনোভেশন টিম" এর ২০১৮-১৯ অর্থবছরে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আলাউদ্দীন আল আজাদ
মহাব্যবস্থাপক (উৎপাদন পরিকল্পনা ও মান নিয়ন্ত্রণ)
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ০৯-০১-২০১৯ খ্রিঃ।
সময়ঃ ১১-০০ ঘটিকা।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবীঃ**

১। জনাব মোঃ এনামুল হক, উপ-মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ) - সদস্য।

২। জনাব মোঃ আরিফুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং) - সদস্য।

৩। জনাব শরীফ বদিউজ্জামান, ব্যবস্থাপক (নিরীক্ষা) - সদস্য।

আলোচ্য সূচীঃ

১। ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।
২। ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ণ কার্যক্রম পরিবীক্ষণ।
৩। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।
৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: **২০১৮-১৯ অর্থবছরের প্রনীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।**

সভাপতি মহোদয় উপস্থিত ইনোভেশন টীমের অন্যান্য সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ) সভায় জানান, বিগত ১৩-১২-২০১৮ খ্রিঃ তারিখে বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ চিত্র চুড়ান্ত করে ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান, বিগত ০৮-০১-২০১৯ খ্রিঃ তারিখে বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রনয়ণ ও তা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগ থেকে একটি পত্র পাওয়া গেছে। পত্রের আলোকে প্রতিবেদন তৈরী এবং চলমান উদ্ভাবনী কর্মপরিকল্পনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করতে এ সভার আয়োজন করা হয়েছে।

কমিটির সদস্যবৃন্দ জানান, প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে উদ্ভাবনী কার্যক্রম ও কৌশল কার্যকর ভূমিকা রাখে। তাই প্রতিষ্ঠানের সকলে ঐক্যবদ্ধভাবে নিজ নিজ অবস্থান থেকে উদ্ভাবনী ধারণা প্রদান ও বাস্তবায়নে আকৃষ্ট হলে প্রতিষ্ঠানে ইতিবাচক প্রভাব পড়বে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখে প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ও সরকার কর্তৃক প্রনীত মূল্যায়ন কাঠামোর আলোকে ২০১৮-১৯ এর বাকেশি'র বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সহ বিগত সভার সিদ্ধান্ত পর্যালোচনা সম্পর্কিত কমিটির পর্যবেক্ষণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | পণ্য উৎপাদনে খরচ ও সময় কমানোর কৌশল উদ্ভাবন এবং তা বাস্তবায়নের উদ্যোগ। | পণ্য উৎপাদনে খরচ কমানোর ক্ষেত্রে বাস্তব অবস্থা পর্যবেক্ষণে বেশ কিছু পণ্যের উৎপাদন ব্যয় কমানো হয়েছে।<br>এছাড়া পণ্য উৎপাদনে সময় কমানোর কৌশল নিয়ে সচেতনতা তৈরী হয়েছে ও সংশ্লিষ্ট বিভাগ কাজ করছে। | পণ্যের উৎপাদন ব্যয় কিছুটা কম হওয়ার ফলে দেশীয় প্রতিযোগীতামূলক বাজারে অবদান রাখার সুযোগ সৃষ্টি হয়েছে।<br><br>পণ্যের গুণগতমান আরো উন্নত করতে কার্যক্রম অব্যাহত আছে। |
| ২। | একটি HDPE Silicon Duct মেশিন স্থাপন ও চালু করা। | প্ল্যান্টের বার্ষিক উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে নতুন ১টি মেশিন সংগ্রহে চীনা প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী মেশিনটি ডিসেম্বর-২০১৮ এর মধ্যে স্থাপনের চেষ্টা চলছে। ফলে নিরবিচ্ছিন্ন উৎপাদন পরিচালনা ও বিভিন্ন প্রকৃতির ডাক্ট তৈরীর ক্ষেত্রে কার্যকর অবদান রাখা সম্ভব হবে। উৎপাদন ব্যয় সংকোচনেও কার্যকর ভূমিকা রাখার চেষ্টা করা হবে। | মেশিনটি বিগত ০৭-০১-২০১৯ খ্রিঃ তারিখে কারখানায় এসে পৌঁছেছে। জানুয়ারী/২০১৯ এর মধ্যে চীনা এক্সপার্টরা বাকেশিতে আসবেন এবং ফেব্রুয়ারি/২০১৯ এর মধ্যে মেশিনটি চালু হবে বলে আশা করা যাচ্ছে।<br><br>প্রতিষ্ঠানের পক্ষ থেকে এ ব্যাপারে সার্বক্ষনিক চেষ্টা অব্যাহত আছে। |

| | | | |
|---|---|---|---|
| ৩। | বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন ও চালু করণসহ cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণ। | আগামী জানুয়ারী, ২০১৯ খ্রিঃ এর মধ্যে প্ল্যান্ট স্থাপনের পর পরীক্ষামূলক উৎপাদন সম্পন্ন করার সম্ভাব্য টার্গেট নির্ধারণ করা হয়েছে। এ কাজ সফলভাবে সম্পন্ন হওয়ার পর cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন করা হবে। একই সাথে পণ্য সম্পর্কে প্রচার ও বাজারজাতকরণেও উল্লেখযোগ্য কার্যক্রম হাতে নেয়া হবে। | কারখানা ভবন নির্মাণ কাজ প্রায় ৭৫% সম্পন্ন হয়েছে। প্ল্যান্টের মেশিনারীজ ও ইক্যুইপমেন্ট ১৫ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে কারখানায় এসে পৌঁছেছে। মেশিন স্থাপন ও চালুকরণে মেশিন সরবরাকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি জানুয়ারী/২০১৯ এর ৩য় সপ্তাহে বাকেশিতে আসবে বলে আশা করা যাচ্ছে। |
| ৪। | ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করণ ও জনবান্ধব নতুন নতুন feature উদ্ভাবন ও সংযোজন করা। | ওয়েব পেজ আপগ্রেড করণ একটি চলমান প্রক্রিয়া যা অব্যাহত আছে। এতে দেশীয় ও আন্তর্জাতিক ভাবে প্রতিষ্ঠানের পরিচিতি বৃদ্ধি পাচ্ছে। | ওয়েব পেজ আপগ্রেড ও নতুন feature সংযুক্তির কার্যক্রম চলমান আছে। |
| ৫। | মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের কৌশল উদ্ভাবন ও বাস্তবায়ন। | মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রচার ও প্রসার সম্পর্কিত কার্যক্রম বৃদ্ধি, নতুন কৌশল উদ্ভাবন, ক্রেতার সাথে সার্বক্ষণিক যোগাযোগ ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ হতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | বাকেশি'র পরিচিতি বৃদ্ধিসহ ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ক্রেতার সাথে যোগাযোগ অব্যাহত আছে। |
| ৬। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে উদ্ভাবণী চর্চার সম্প্রসারণ। | দক্ষ জনবল তৈরীর জন্য প্রশিক্ষণ প্রদানসহ প্রতিষ্ঠানের কম্পিউটারের সংখ্যা আরও বৃদ্ধির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এতে, উদ্ভাবনী চর্চার ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে। | দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে প্রতিষ্ঠানের পক্ষ থেকে নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষণ চলমান আছে। সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে পরিচালনায় ইতোমধ্যে ২টি কম্পিউটার বৃদ্ধি করা হয়েছে। |
| ৭। | কার্যকর প্রশিক্ষণ উদ্ভাবন ও তা বাস্তবায়ন। | নৈতিকতা ও শুদ্ধাচার চর্চার জন্য নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য নিয়মিত উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখা হয়েছে। | নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল চর্চায় প্রতিষ্ঠানের সকলকে নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষণের মাধ্যমে অবহিতকরণসহ বাস্তবায়নে ঐকান্তিক প্রচেষ্টা চলমান রয়েছে। |
| ৮। | সেবা সহজীকরণের জন্য ১টি নতুন সেবা উদ্ভাবন ও বাস্তবায়ন | জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি সেবা সহজীকরণের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। | জনবান্ধব সেবা নির্বাচনের জন্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে অবিলম্বে ১টি ই-সেবা চালু ও ১টি সেবা সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

বর্ণিত উদ্ভাবনী কর্মপরিকল্পনাগুলি বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীর সার্বিক অংশগ্রহণ ও সহযোগীতা নিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। কোন ব্যাপারে প্রতিকূলতা বা প্রতিবন্ধকতার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সাথে আলোচনা করে কমিটি ব্যবস্থা নিচ্ছে।

কমিটির সভায় আলোচনাকালে বিগত ১৩-১২-২০১৮ খ্রিঃ তারিখে প্রনীত বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর মূল্যায়নের হালনাগাদ চিত্র পর্যালোচনা ও বিশ্লেষণ করে মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন চুড়ান্ত করা হয়।

**গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১। চলমান অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনাগুলো বাস্তবায়নকল্পে সকলের সহযোগীতা গ্রহণ অব্যাহত রাখতে হবে।

২। নৈতিকতা ও শুদ্ধাচার চর্চায় নতুন ধারণা ও মানিসকতা বিকাশে সকলকে উদ্যোগী ও উৎসাহিত করতে হবে।

৩। প্রতি মাসে কমিটির ১টি সভা আহবান করে অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

৪। ইনোভেশন টীমের কার্যক্রমের সকল তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে সভার কার্যবিবরণী আপলোড করতে হবে।

৬। চুড়ান্তকৃত বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আলাউদ্দীন আল আজাদ)
মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ)
ও
চিফ ইনোভেশন অফিসার।